# Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 05 May, 2025

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) অগ্নিকাণ্ডের মতো দুর্যোগের সময় নিরাপত্তা নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহারের উপর বিশেষ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

সোমবার (৫ মে) দুপুর ১২ টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরি প্রাঙ্গণে এই প্রশিক্ষণের আয়োজন করেছেন কেন্দ্রীয় লাইব্রেরির ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ান কৃষিবিদ বোরহান উদ্দীন।

কর্মসূচিতে ফায়ার সার্ভিসের সদস্যরা অংশগ্রহণকারীদের বিভিন্ন ধরনের অগ্নি নির্বাপক যন্ত্রের প্রকারভেদ, ব্যবহার পদ্ধতি ও জরুরি পরিস্থিতিতে করণীয় সম্পর্কে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করেন। এসময় আরও উপস্থিত ছিলেন সহযোগী ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মোহাম্মদ সাইফুল্লাহ ।

উদ্যোক্তারা জানান, লাইব্রেরির মতো গুরুত্বপূর্ণ স্থানে অগ্নি-নিরাপত্তা নিশ্চিত করতে এই প্রশিক্ষণ অত্যন্ত জরুরি ছিল। লাইব্রেরির কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি বিভিন্ন অনুষদের শিক্ষার্থীরাও এ মহড়ায় অংশ নেন।

এই উদ্যোগ সম্পর্কে লাইব্রেরিয়ান বোরহান উদ্দীন বলেন, "লাইব্রেরিতে প্রায় ৪০ কোটি টাকার মূল্যবান পুস্তক ও গবেষণাসামগ্রী সংরক্ষিত থাকে। এছাড়াও ১৯৬২ সাল থেকে শুরু করে বর্তমান পর্যন্ত সকল পত্রিকার রেকর্ড দস্তাবেজ । তাই অগ্নিকাণ্ডের ঝুঁকি মোকাবিলায় আমাদের প্রস্তুত থাকতে হবে। ভবিষ্যতেও এ ধরনের প্রশিক্ষণ নিয়মিত আয়োজন করার

পরিকল্পনা রয়েছে।'

অগ্নিকাণ্ড

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 01:49

URL: https://www.timestodaybd.com/campus/7758071975